গাংনীর জোড়পুকুর থেকে চোখতোলা পর্যন্ত দুপাশের তাল গাছ তছরুপ

বজ্রপাত প্রতিরোধক হিসেবে মেহেরপুর কুষ্টিয়া সড়কের দুপাশে কয়েক বছর আগে লাগানো হয় তালের আটি। যা থেকে চারা তালগাছ হয়েছে। রক্ষনাবেক্ষন না থাকায় হর হামেসাই যে কেউ কেটে নিয়ে যাচ্ছে তাল গাছের পাতা।

এর ফলে গাছের স্বাভাবিক বৃদ্ধি ব্যহত হওয়ার পাশাপাশি নষ্ট হয়ে যাচ্ছে অনেক গাছ।গতকাল বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলার জোড়পকুরিয়া গ্রামের ইয়ার আলীর ছেলে এখলাছ সড়কের দুপাশের তালগাছের পাতা কেটে নেই। যার ফলে ছোট গাছ থেকে পাতা কেটে ফেলায় নষ্ট হয়ে যেতে পারে গাছ গুলো।

এর ফলে যে উদ্দেশ্যে তালের আটি রোপন করা হয়েছিল তা ভেস্তে যেতে পারে।

জোড়পুকুরিয়া গ্রামের ইউপি সদস্য সাহাবুদ্দিন জানান, এর আগেও সে ছোট গাছে পাতা কেটেছে তাকে নিষেধ করা হয়েছিল। কিন্তুু আজ আবার গাছের পাতা কেটেছে।
স্থানীয় কয়েকজন জানান, জোড়পুকুর থেকে চোখদোলা পর্যন্ত আনেক আগে থেকেই সুযোগ বুঝে তালের পাতা কাটে কেউ নিষেধ বা প্রতিবাদ না করায় দুপাশের সব গাছের পাতা কেটে ফেলেছে।

এব্যপারে গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলার রহমান বলেন, জোড়পুকুর এলাকার সড়কের পাশে তালগাছের পাতা কাটার সংবাদ পেয়ে লোক পাঠিয়েছি। তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

তাছাড়া প্রকৃতির ভারসাম্য রক্ষা ও বজ্রপাত প্রতিরোধক তাল গাছ কেটে আমরা নিজেরাই নিজেদের ক্ষতি করছি। তালগাছ রক্ষায় উপজেলা প্রশাসন সব ধরনের ব্যবস্থা গ্রহন করবে।

গাংনীতে হোমিও চিকিৎসকের ১ মাসের কারাদন্ড

মেহেরপুরের গাংনীর সাহারবাটির চারচারা বাজারে আহাম্মেদ আলী নামের এক হোমিও চিকিৎসককে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান। দন্ডপ্রাপ্ত আহাম্মেদ আলী সাহারবাটি গ্রামের মৃত ইয়াহিয়ার ছেলে।

বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান সাহাবাটি বাজারের সাব্বির হোমিও হলের সত্বাধিকারি আহাম্মেদ আলীর দোকানে আদালত বসিয়ে এ দন্ডাদেশ প্রদান করেন।

আদালত সুত্রে জানাগেছে, সাহাবারবাটি চারচারা বাজারের মৃত ইয়াহিয়ার ছেলে আহাম্মদ আলী দির্ঘদিন যাবৎ প্রাতিষ্ঠানিক কোনো সনদপত্র না থাকায় এবং উত্তেজক ওষুধ বিক্রি ও মেয়াদউত্তীর্ণ ওষুধ রাখার অপরাধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৫১ ধারায় সাব্বির হোমিও হলের সত্বাধিকারি আহাম্মদ আলীকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন। মাস খানেক আগে আহাম্মদ আলীকে চিকিৎসার নামে অপচিকিৎসা করতে নিষেধ করা হলেও তিনি প্রশাসনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে দেদারছে বিক্রি করছিল উত্তেজক ট্যাবলেটসহ নিষিদ্ধ নানা প্রকার ওষুধ।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুর থেকে মিজানুজ্জামানকে অপসারনের দাবিতে আবারও মানবন্ধন

দুর্নীতিবাজ শিক্ষক মিজানুজ্জামন কে মেহেরপুর থেকে অপসারনের

দাডিবতে আবারো মানব বন্ধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে জেলা প্রেস ক্লাবের সামনে এ মানবন্ধন করা হয়। মানবন্ধনে নেতৃত্ব দেয় মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকার নাইম বাইজিদ। সদর থানা ছাত্রলীগ সহ মটর শ্রমীক ইউনিয়ন, সেচ্ছাসেবক লীগ, ও সাধারণ জনগন এতে অংশ গ্রহন করে। এ সময় শিক্ষক মিজানুজ্জামানকে অপসারণের দাবিতে বক্তব্য দেন জেলা ছাত্রললীগের সহ সভাপতি দুলাল মাহমুদ, সদর থানা ছাত্রলীগের সভাপতি জুলকার নাইম বাইজিদ, মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়নের কার্যকরি সভাপতি সোহেল আহাম্মেদ, সদর উপজেলা সেচ্ছা সেবকলীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মতিয়ার রহমান।

উল্লেখ্য, শিক্ষক মিজানুজ্জামানকে দুর্নিতীর দায়ে ঝিনাইদহ থেকে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে বদলি করা হয়। তাকে মেহেরপুর থেকে অপসারনের দাবিতে বৃহস্পতিবার দ্বিতীয় দফা মানব বন্ধন করা হয়। এর আগে বুধবার শ্রমিক ইউনিয়নের উদ্যোগে প্রথমদফা মানববন্ধন করা হয়।

নিজস্ব প্রতিনিধি

মুজিবনগর সোনাপুরে তথ্য সেবা কেন্দ্রের উঠান বৈঠক

মুজিবনগরে ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যেমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)বাস্তবায়নের লক্ষে মুজিবনগরে তথ্য সেবা কেন্দ্রের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের সোনাপুর গ্রামে পশ্চিমপাড়ায় এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তথ্য প্রযুক্তির বিভিন্ন সুবিধার বিষয় ও বাল্য বিয়ের কুফল সম্পর্কে তুলে ধরে বক্তব্য রাখেন মেহেরপুর জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামিম আরা হীরা।

এ সময় তিনি বলেন বলেন, “শেখ হাসিনার বার্তা, নারী পুরুষ সমতা”এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে তথ্য আপারা নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আপনারা তথ্য কেন্দ্র থেকে ৬ টি সুবিধা বিনামূল্যে পাবেন। শিক্ষা,স্বাস্থ্য,আইন,ব্যবসা,জেন্ডার ও কৃষি।

অনুষ্ঠানের সভাপতি তানিয়া খন্দকার তার বক্তব্যে বলেন, আপনাদের যেকোন সমস্যায় “তথ্য আপা”এই ডিজিটাল প্লাটফর্মটি থেকে সেবা পাবেন এবং ৩৩৩ এই নাম্বারে যোগাযোগ করে আপনাদের সমস্যা গুলো জানাতে পারবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব। এ সময় ইউপি সদস্য সোহরাব হোসেন, ৩ নং ওয়ার্ডের সভাপতি জাহাঙ্গীর গাজী, উপজেলা তথ্য সেবা সহকারী আর্জিনা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

আলমডাঙ্গায় জাতীয় ইদুর নিধন অভিযান ও বিশ্ব খাদ্য দিবস পালিত

আলমডাঙ্গা উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইদুর নিধন অভিযান উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আয়ুব হোসেন। তিনি বলেন, ঈদুর এমন একটি প্রানী তাদের একক ভাবে নিধন করা সম্ভব নয়,ইদুর আমাদের ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে,বাড়ীতে বাড়ীতে জামাকাপড় কেটে নষ্ট করে,প্রতিবছর এক জোড়া ইদুর ৩ হাজার

ইদুর জন্ম দিতে পারে, এরা প্রতিছর ৫শত মেঃটন খাদ্যশস্য ধ্বংস করে,তাই আমরা সম্মিলিত ভাবে ইদুর নিধন অভিযানে অংশ নিতে হবে।

অনুষ্টানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান সমিতির সাধারন সম্পাদক নুরুল ইসলাম নুরু। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ।

কৃষি সম্প্রসারণ অফিসার সোহেল রানার উপস্থাপনায় বক্তব্য রাখেন সর্বচ্চ ইদুর নিধন করি কৃষক বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী, উপজেলা খাদ্য কর্মকর্তা মোফাক খাইরুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর রহমান, উপজেলা খাদ্য গুদাম রক্ষক আবু বক্কর সিদ্দিক,উপ- সহকারী কৃষি কর্মকর্তা শাহিন রেজা, উপজেলা কৃষি অফিসের এসএপিপিও স্বপন কুমার সিংহ, উপসহকারী কৃষি কর্মকর্তা, নজরুল ইসলাম, শহিদুল ইসলাম, রফিকুল ইসলাম, শর্ষিতা তাবাচ্ছুম, রুপা আক্তার, তহমিনা পারভিন, আমিরুল ইসলাম, রহিমা খাতুন, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

-আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে হেরোইনসহ ভারতীয় নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন,ভারতীয় পাসপোর্ট ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।
– জীবননগর প্রতিনিধি

গাংনীর কাথুলীতে তথ্য কেন্দ্রের উঠান বৈঠক

গাংনীকে ডিজিটাল বাংলাদেশ গড়তে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) বাস্তবায়নের লক্ষে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টার সময় গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের ১নং ওয়ার্ডের কাথুলী গ্রামের মধ্যপাড়ায় গাংনী তথ্য কেন্দ্রের উদ্যোগে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা তথ্য কেন্দ্রের কর্মকর্তা রিফাত জাহানের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মিলন কুমার দাস,, কাথুলী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সংরক্ষিত মহিলা মেম্বার ভাবিবুন্নেসা, তথ্যসেবা সহকারী তামান্না খাতুন, সাবরিনা খাতুন।

উঠান বৈঠকের প্রধান প্রতিপাদ্য বিষয় ছিলো নারী-পুরুষ সম-অধিকার বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ৫০জন গরীব ও

অসচ্ছল নারীরা উপস্থিত ছিলেন ।

-নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব খাদ্য দিবস পালিত

‘আমাদের কর্মই আমাদের ভবিষ্যৎ, পুষ্টিকর খাদ্যেই হবে আকাঙ্খিত ক্ষুধামুক্ত পৃথিবী’ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে বিশ্ব খাদ্য দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে বুধবার সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইয়াহ্ ইয়া খানের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন সিনিয়র সহকারি পুলিশ সুপার আবু রাসেলসহ অন্যরা। সভায় সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা।

– চুয়াডাঙ্গা প্রতিনিধি

মুজিবনগরে জাতীয় স্যানিটেশন

মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

মুজিবনগর উপজেলা প্রশাসন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আয়োজনে মুজিবনগরে জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়েছে।

বুধবার বেলা এগারোটার উপজেলা নির্বাহী অফিসার (অঃদা) মাসুদুল আলমের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি উপজেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

র্যালীতে উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিরুল ইসলাম, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম,যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,জনস্বাস্থ্য অফিসার জাহাঙ্গীর আলম,তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার ও স্কুলের শিক্ষার্থীরা অংশ নেয়।

পরে পরিষদ চত্বরে হাত ধোয়ার মধ্য দিয়ে বিশ্ব হাত ধোয়া দিবসের অনুষ্ঠান শেষ হয়।

- মুজিবনগর অফিস

মেহেপুরের নুহান ঢাকা মেডিক্যাল কলেজে ১৬তম

মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর গ্রামের মজিবর রহমান এবং নিলুফা রহমান দম্পতির ছেলে নাইমুর রহমান নুহান ঢাকা মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষায় ১৬ তম হয়েছেন।

নুহান ২০১৭ সালে এসএসসিতে আদমজী ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজ

ঢাকা থেকে গোল্ডেন এ প্লাস পাই।

এইচএসসিতে ২০১৯ নটরডেম কলেজ থেকে গোল্ডেন এ প্লাস

রহমান দম্পতি নুহানের জন্য দোয়া কামনা করেছেন।